**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২** বঙ্গাব্দ/ **২৯ মে**, **২০২৫** খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ২৩১-আইন/২০২৫/৫৩/কাস্টমস**।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ১১ ও ১২ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার-

(১) বিধি ২ এর-

(ক) দফা (ছ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ছ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(ছ) **"প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান"** অর্থ বৈদেশিক মুদ্রায় স্থাপিত ব্যাক টু ব্যাক ঋণপত্র (BBLC) এর বিপরীতে পশ্চাদসংযোগ শিল্প হিসাবে শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে সরবরাহতব্য আনুষঙ্গিক দ্রব্যাদি উৎপাদন ও সরবরাহকারী শিল্প প্রতিষ্ঠান এবং রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা ও অর্থনৈতিক এলাকায় স্থাপিত ওয়্যারহাউস লাইসেন্সধারী শিল্প প্রতিষ্ঠান যাহারা বৈদেশিক মুদ্রায় স্থাপিত অভ্যন্তরীণ ঋণপত্রের বিপরীতে ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের নিকট পণ্য/সেবা সরবরাহ করে সেসকল প্রতিষ্ঠান;";

(খ) দফা (ঝ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঝ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(ঝ) **"যুগপৎ প্রচ্ছন্ন ও সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান"** অর্থ এমন কোনো শিল্প প্রতিষ্ঠান যাহা তৎকর্তৃক প্রস্তুতকৃত ও উৎপাদিত আংশিক পণ্য সরাসরি বিদেশে এবং আংশিক পণ্য বৈদেশিক মুদ্রায় স্থাপিত ব্যাক টু ব্যাক ঋণপত্র (BBLC) এর বিপরীতে

পশ্চাদসংযোগ শিল্প হিসাবে সরাসরি রপ্তানিকারককে সরবরাহ করে এবং রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা ও অর্থনৈতিক এলাকায় স্থাপিত ওয়্যারহাউস লাইসেন্সধারী শিল্প প্রতিষ্ঠান যাহারা সরাসরি বিদেশে রপ্তানির পাশাপাশি বৈদেশিক মুদ্রায় স্থাপিত অভ্যন্তরীণ ঋণপত্রের বিপরীতে ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানের নিকট পণ্য/সেবা সরবরাহ করে সেসকল প্রতিষ্ঠান;";

(২) বিধি ৪ এর দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(ঙ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১) এর দফা (ক) তে উল্লিখিত রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা এবং দফা (খ) তে উল্লিখিত অভ্যন্তরীণ প্রক্রিয়াকরণ এলাকায় স্থাপিত সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান এবং দফা (গ) তে উল্লিখিত বাণিজ্যিক এলাকায় স্থাপিত ওয়্যারহাউস বা সেবা সরবরাহকারী শিল্প ইউনিট, যাহারা বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্য বা সেবা অর্থনৈতিক অঞ্চলে বা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে স্থাপিত শিল্প ইউনিটে বা অভ্যন্তরীণ প্রক্রিয়াকরণ এলাকায় স্থাপিত শিল্প ইউনিটে বা Domestic Tariff Area (DTA) তে অবস্থিত ওয়্যারহাউস লাইসেন্সধারী সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প ইউনিটে প্রক্রিয়াকরণার্থে বৈদেশিক মুদ্রায় সরবরাহ করিয়া থাকে বা দেশের বাহিরে বৈদেশিক মুদ্রায় রপ্তানি করিয়া থাকে;";

(৩) বিধি ৭ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "এক তৃতীয়াংশ" শব্দগুলির পরিবর্তে "অর্ধেক" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ৮ এর উপ-বিধি (১) এ উল্লিখিত "১৫ (পনেরো)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "৪৫ (পঁয়তাল্লিশ)" সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(৫) বিধি ১৫ এর উপ-বিধি (৩) এ উল্লিখিত "প্রতিবেদন ও" শব্দগুলির পরিবর্তে "উদ্ধৃতি সংবলিত" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৬) বিধি ২০ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত হইয়া ব্যবসায় কার্যক্রম পরিচালনার কোনো পর্যায়ে কোনো প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিষদে তথা মালিকানার ক্ষেত্রে সম্পূর্ণ বা আংশিক পরিবর্তন RJSC/ বা অন্যান্য সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক অনুমোদনের অনধিক ২ (দুই) মাসের মধ্যে তফসিল-৩ এ উল্লিখিত দলিলাদিসহ প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবর আবেদন করিতে হইবে"।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**
**স্বাক্ষরিত/-**
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।